

Minister of State for External Affairs Dr. Rajkumar Ranjan Singh inaugurates the BRICS Civil Forum 2021

July 28, 2021

বিদেশ প্রতিমন্ত্রী ডঃ রাজকুমার রঞ্জন সিং ব্রিক্স (BRICS) সিভিল সিভিল ফোরাম (2021)-এর উদ্বোধন করলেন।

জুলাই 28, 2021

বিদেশ বিষয়ক মন্ত্রকের মাননীয় প্রতিমন্ত্রী ডঃ রাজকুমার রঞ্জন সিং 28 শে জুলাই, ভারতীয় ফরম্যাটে উন্নয়নশীল দেশগুলির জন্য তথ্য এবং গবেষণা ব্যবস্থা (আরআইএস) দ্বারা আয়োজিত ব্রিক্স (BRICS) সিভিল ফোরামের উদ্বোধন করেছেন। ব্রিক্স-এর অধ্যক্ষ হিসেবে ভারত দুই দিন ব্যাপী এই অনুষ্ঠানের আয়োজন করেছে। এই অনুষ্ঠানের আয়োজনের লক্ষ্য হল COVID-19-অতিমারির পটভূমিকাতে 'প্রযুক্তি' এবং 'সামর্থ্য'-র উপরে উপযুক্ত নজর দেওয়া যার প্রয়োজনীয়তা হল ব্যাপক এবং নিরপেক্ষ আরোগ্যকে সুনিশ্চিত করার জন্য নীতি এবং তাদের বাস্তবায়ন এই দুইয়ের মধ্যে সমন্বয়কে আরো দ্রুত গতি দেওয়া। ব্রিক্স সিভিল ফোরাম হল, ব্রিক্স সহযোগিতার গঠন-কাঠামোর মধ্যে একটি স্বীকৃত এবং প্রভাবশালী জনগণ-থেকে-জনগণের মঞ্চ।

প্রতিমন্ত্রী তার বক্তব্যে উল্লেখ করেছেন যে, ব্রিক্স 2021-এর অধ্যক্ষ হিসেবে ভারত আন্তঃব্রিক্স সহযোগিতাকে আরও মজবুত করার লক্ষ্যে কাজ করে চলেছে যার মূল ভাবনা হল অবিচ্ছিন্নতা, সুদৃঢ়তা ও সম্মতি এবং চারটি বিস্তৃত অগ্রাধিকারের ক্ষেত্র (i) বহুপাক্ষিক ব্যবস্থায় সংশোধন (ii) সন্ত্রাসবিরোধী সহযোগিতা (iii) এসডিজি (গুলি)র সাফল্যের জন্য ডিজিটাল এবং প্রযুক্তিগত সমাধানের ব্যবহার (iv) জনগণ থেকে জনগণের মধ্যে বিনিময়কে বৃদ্ধি করা। তিনি বলেছেন যে, জুন মাসে ব্রিক্স-এর বিদেশমন্ত্রীর একটি যৌথ বিবৃতি প্রকাশের মধ্যে দিয়ে বহুপাক্ষিক ব্যবস্থার সংশোধন এবং শক্তিশালী করার জন্য আহ্বান জানিয়ে এগিয়ে এসেছিলেন। তিনি এও উল্লেখ করেছেন যে ব্রিক্স-এর সন্ত্রাসবিরোধী কৌশলকে বাস্তবায়িত করার জন্য গৃহীত পরিকল্পনাকে খুব শীঘ্রই চূড়ান্ত রূপ দেওয়া হতে চলেছে।

প্রতিমন্ত্রী আরও উল্লেখ করেছেন যে, যেহেতু ব্রিক্স-এর 15 বছর উত্তীর্ণ হয়েছে এবং ভারত, এর অধ্যক্ষ হিসেবে ব্রিক্স প্রতিষ্ঠানগুলি এবং কর্মকৌশলের পরীক্ষার জন্য একটি ব্যাপক এবং এক স্রোতে প্রবাহিত করার অনুশীলন গ্রহণ করেছে। এই অনুশীলনের অঙ্গ হিসেবে, ব্রিক্স অন্তর্ভুক্ত দেশগুলি ব্রিক্স সম্পর্কস্থাপনের টার্মস অব রেফারেন্সগুলিকে পরিমার্জিত করার জন্য সহমত হয়েছেন। 'সংশোধিত বহুপাক্ষিকতা'; 'আর্থিক এবং বিশ্বব্যাপী জনগণের সামগ্রী বিকাশ'; 'অতিমারি প্রতিক্রিয়া, অংশীদারিত্ব এবং সুশীল সমাজের ভূমিকা'; 'ব্রিক্স-এ কুশলতা, স্বাস্থ্য এবং ঐতিহ্যবাহী ওষুধ ব্যবস্থা';

'ব্লিক্স অর্থনীতি এবং মহিলাদের যোগদান'; অর্থনৈতিক বৃদ্ধি এবং অন্তর্ভুক্তির গুণগত মান'; শিক্ষা এবং দক্ষতার ভবিষ্যত'; ব্লিক্স-এ ব্যাপক বিকাশ এবং উদ্যোগে উৎসাহ প্রদানে প্রযুক্তির ভূমিকা'; 'সামর্থ্যপ্রদানে জনগণের ভূমিকা' ইত্যাদির উপরে সিভিল ফোরাম 2021 আয়োজিত আলোচনাতে তিনি তার সন্তোষ ব্যক্ত করেছেন।

বিশ্বব্যাপী শাসন ব্যবস্থাকে আরও প্রতিনিধিত্বমূলক, ব্যাপক এবং অংশগ্রহণমূলক করণ গড়ে তোলার জন্য ইউ এন সুরক্ষা পরিষদ, বিশ্ববাণিজ্য সম্মত, বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং আন্তর্জাতিক অর্থ তহবিল ইত্যাদি সহ বিভিন্ন বহুপাক্ষিক প্রতিষ্ঠানগুলির সংশোধনের দৃঢ় আহবানের তিনি প্রশংসা করেছেন। তিনি এও বলেছেন যে, এসডিজি(গুলি)র সাফল্যের জন্য ব্লিক্স দেশগুলিকে সিএসও আহবান জানিয়েছে তাদের নাগরিকদের এবং বিশদভাবে মানবিকতার কাল্যাণে বিশ্বব্যাপী জনগণের দ্রব্য এবং ডিজিটাল সমাধানগুলিকে সহযোগিতা এবং লালনপালন করার জন্য।

উদবোধনী অধিবেশন ব্লিক্স দেশগুলির অগ্রগামী সুশীল সমাজ প্রতিষ্ঠানগুলির (সিএসও) বিবৃতি প্রদানেরও সাক্ষ্য বহন করেছে। এরপরে "ব্লিক্স-এ ব্যাপক বিকাশ এবং উদ্যোগ গ্রহণ পোষণ: প্রযুক্তির ভূমিকা", 'স্বায়িত্বে জনগণের অংশগ্রহণ: ব্লিক্সের অভিজ্ঞতা'-র উপরে দুটি সম্পূর্ণ অধিবেশন অনুষ্ঠিত হয়েছে।

তিনি আরও উল্লেখ করেছেন যে, ব্লিক্স দেশগুলির মধ্যে একটি কার্যকরি, অর্থবহ, এবং টেকসই প্রসারিত, শিক্ষামূলক ও অংশদারিত্বমূলক পথনির্দেশিকা গঠনের জন্য 'ব্লিক্স সিভিল ফোরাম প্রক্রিয়ার একত্রীকরণ'-এর অঙ্গ হিসেবে আয়োজক সংস্থা আরআইএস ব্লিক্স সিভিল ফোরাম ওয়েবসাইট চালু করেছে। এই ওয়েব সাইটের উদ্দেশ্য হল সকল ব্লিক্স সিভিল ফোরামের কর্মকাল্ডের জন্য একটি স্থায়ী আধার এবং জ্ঞানের মঞ্চ তৈরি করা। এই প্রাতিষ্ঠানিক মঞ্চটি হবে ব্লিক্স-এর 'আইডিয়া ব্যাঙ্ক', যেটি আন্তর্জাতিক সমস্যাগুলির উপরে জটিল ইনপুট এবং বাস্তব নীত প্রণয়নের পরামর্শ প্রদান করতে পারবে।

নিউ দিল্লি

জুলাই 28, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.